দ্বিতীয় অধ্যায়

দেশজ উৎপাদ, সঞ্চয় ও বিনিয়োগ

[গত এক দশকে বাংলাদেশ গড়ে ৬ শতাংশের ওপর জিডিপি প্রবৃদ্ধি অর্জন করতে সক্ষম হয়েছে। ভিত্তিবছর ২০০৫-০৬ এর ভিত্তিতে চূড়ান্ত হিসাব অনুযায়ী ২০১৩-১৪ অর্থবছরে প্রকৃত জিডিপি'র প্রবৃদ্ধির হার ৬.০৬ শতাংশ। চলতি ২০১৪-১৫ অর্থবছরে বিবিএস-এর সাময়িক হিসাব অনুযায়ী জিডিপি প্রবৃদ্ধি প্রাক্কলন করা হয়েছে ৬.৫১ শতাংশে। গত ২০১৩-১৪ অর্থবছরে শিল্পখাতে বিশেষ করে ম্যানুফ্যাকচারিং শিল্পে প্রবৃদ্ধি কিছুটা হ্রাস পাওয়ায় সার্বিক শিল্পখাতে প্রবৃদ্ধি সামান্য হ্রাস পেয়েছিল। তবে চলতি ২০১৪-১৫ অর্থবছরে বৃহৎ শিল্পখাতের সকল খাতসমূহের প্রবৃদ্ধির হার বৃদ্ধি পাওয়ায় সার্বিকভাবে এ খাতে ৯.৬০ শতাংশ প্রবৃদ্ধি অর্জিত হবে বলে প্রাক্কলন করা হয়েছে, যা গত অর্থবছরে ছিল ৮.১৬ শতাংশ। তবে বৃহৎ কৃষি খাতে প্রবৃদ্ধির হার ২০১৩-১৪ অর্থবছরের ৪.৩৭ শতাংশ হতে কিছুটা হ্রাস পেয়ে চলতি অর্থবছরে ৩.০৪ শতাংশ হবে মর্মে প্রাক্কলন করা হয়েছে। বৃহৎ সেবাখাতের প্রবৃদ্ধির হারও সামান্য বেড়েছে। ২০০৫-০৬ অর্থবছরের ভিত্তি মূল্যে চলতি ২০১৪-১৫ অর্থবছরে কৃষি, শিল্প ও সেবা খাতের অবদান দাঁড়িয়েছে যথাক্রমে ১৫.৯৬ শতাংশ, ৩০.৪২ শতাংশ ও ৫৩.৬২ শতাংশ। তবে গত অর্থবছরে এ হার ছিল যথাক্রমে ১৬.৫০ শতাংশ, ২৯.৫৫ শতাংশ ও ৫৩.৯৫ শতাংশ। সাময়িক হিসাব অনুযায়ী ২০১৪-১৫ অর্থবছরে ভোগব্যয়ের পরিমাণ জিডিপি'র ৭৭.৭০ শতাংশে পৌঁছেছে। চলতি অর্থবছরে স্থুল অভ্যন্তরীণ সঞ্চয় বৃদ্ধি পেয়ে জিডিপি'র ২২.৩০ শতাংশ দাঁড়িয়েছে, যা গত অর্থবছরে ছিল ২২.০৯ শতাংশ। তবে স্থুল জাতীয় সঞ্চয় জিডিপি'র শতকরা হারে সামান্য হ্রাস পেয়েছে। ২০১৩-১৪ অর্থবছরের বিনিয়োগ জিডিপি'র ২৮.৫৭ শতাংশ থেকে বৃদ্ধি পেয়ে ২০১৪-১৫ অর্থবছরে ২৮.৯৭ শতাংশে দাঁড়িয়েছে।]

অর্থনৈতিক প্রবৃদ্ধি

২০০৫-০৬ -এর ভিত্তিতে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) -এর হিসাব অনুযায়ী বিগত ২০১১-১২ ও ২০১২-১৩ অর্থবছরে জিডিপি প্রবৃদ্ধি দাঁড়ায় যথাক্রমে ৬.৫২ শতাংশ ও ৬.০১ শতাংশ। আন্তর্জাতিক অর্থনৈতিক পরিস্থিতি এবং দেশের অভ্যন্তরে অর্থনীতির প্রতিকূলতা সত্ত্বেও বাংলাদেশ গত এক দশকে গড় জিডিপি প্রবৃদ্ধির হার ৬ শতাংশের ওপর অর্জন করতে সক্ষম হয়েছে। এরই ধারাবাহিকতায় ২০০৫-০৬ অর্থবছরের স্থির মূল্যে ২০১৩-১৪ অর্থবছরে প্রবৃদ্ধি অর্জিত হয়েছে ৬.০৬ শতাংশ। বিবিএস এর সাময়িক হিসাব অনুযায়ী ২০১৪-১৫ অর্থবছরে জিডিপি প্রবৃদ্ধির হার দাঁড়বে ৬.৫১ শতাংশে।

চলতি বাজার মূল্যে স্থুল দেশজ উৎপাদ (জিডিপি)

বিবিএস -এর সাময়িক হিসাব অনুযায়ী ২০০৫-০৬ অর্থবছরের ভিত্তি মূল্যে চলতি বাজার মূল্যে ২০১৪-১৫ অর্থবছরের জিডিপি'র আকার দাঁড়িয়েছে প্রায় ১৫,১৩,৬০০ কোটি টাকা, যা পূর্ববর্তী অর্থবছরের জিডিপি (১৩,৪৩,৬৭৪ কোটি টাকা) অপেক্ষা ১২.৬৫ শতাংশ বেশি। ২০১৪-১৫ অর্থবছরে চলতি বাজার মূল্যে মাথাপিছু জিডিপি প্রাক্কলন করা হয়েছে ৯৫,৮৬৪ টাকা, যা পূর্ববর্তী অর্থবছরের মাথাপিছু জিডিপি ৮৬,২৬৬ টাকা হতে ১৬.৫৩ শতাংশ বেশি। অন্যদিকে, চলতি অর্থবছরে মাথাপিছু জাতীয় আয় দাঁড়িয়েছে ১,০২,০২৬ টাকা, যা পূর্ববর্তী অর্থবছরে ছিল ৯২,০১৫ টাকা। মার্কিন ডলার হিসেবে চলতি অর্থবছরে মাথাপিছু জাতীয় আয় ও মাথাপিছু জিডিপি দাঁড়িয়েছে যথাক্রমে ১,৩১৪ মার্কিন ডলার ও ১,২৩৫ মার্কিন ডলার। গত অর্থবছরে মাথাপিছু জাতীয় আয় ও মাথাপিছু জিডিপি'র পরিমাণ ছিল যথাক্রমে ১,১৮৪ মার্কিন ডলার ও ১,১১০ মার্কিন ডলার। গত অর্থবছরের তুলনায় চলতি অর্থবছরে মাথাপিছু জাতীয় আয় প্রায় ১১ শতাংশ বৃদ্ধি পেয়েছে। সারণি ২.১ -এ ২০০৫-০৬ থেকে ২০৪-১৫ অর্থবছর পর্যন্ত চলতি বাজার মূল্যে মোট এবং মাথাপিছু জিডিপি ও স্থুল জাতীয় আয় (জিএনআই) এবং সারণি ২.২ -এ ২০০৬-০৭ থেকে ২০১৪-১৫ অর্থবছর পর্যন্ত চলতি বাজার মূল্যে খাতভিত্তিক স্থুল দেশজ উৎপাদ দেখানো হ'ল (ভিত্তি বছর ২০০৫-০৬)।

সারণি ২.১ঃ চলতি বাজার মূল্যে জিডিপি, জিএনআই, মাথাপিছু জিডিপি ও মাথাপিছু জিএনআই (ভিত্তি বছরঃ ২০০৫-০৬)

সূচক	২০০৫-০৬	২০০৬-০৭	২০০৭-০৮	২০০৮-০৯	২০০৯-১০	২০১০-১১	২০১১-১২	২০১২-১৩	২০১৩-১৪	২০১৪-১৫
জিডিপি (কোটি টাকায়)	৪৮২৩৩৭	৫৪৯৮০০	৬২৮৬৮২	৭০৫০৭২	৭৯৭৫৩৯	৯১৫৮২৯	১০৫৫২০৪	১১৯৮৯২৩	১৩৪৩৬৭৪	১৫১৩৬০০
জিএনআই (কোটি টাকায়)	৫০৯৫৪৪	৫৮৫০৭৫	৬৭৭০৭২	৭৬০৯৭৩	৮৬২১৪২	৯৮৮৩৪২	১১৪৪৫০৬	১২৯৫৩৫২	১৪৩৩২২৪	১৬১০৮৯৫
জনসংখ্যা (কোটিতে)	১৩.৯৮	১৪.১৮	১৪.৩৮	১৪.৫৮	১৪.৭৮	১৪.৯৭	১৫.১৬	১৫.৩৭	১৫.৫৮	১৫.৭৯
মাথাপিছু জিডিপি (টাকায়)	৩৪৫০২	৩৮৭৭৩	৪৩৭১৯	৪৮৩৫৯	৫৩৯৬১	৬১১৯৮	৬৯৬১৪	৭৮০০৯	৮৬২৬৬	৯৫৮৬৪
মাথাপিছু জিএনআই (টাকায়)	৩৬৪৪৮	৪১২৬১	৪৭০৮৪	৫২১৯৩	৫৮৩৩২	৬৬০৪৪	৭৫৫০৫	৮৪২৮৩	৯২০১৫	১০২০২৬
মাথাপিছু জিডিপি (মার্কিন ডলারে)	৫১৪	৫৬২	৬৩৭	৭০৩	৭৮০	৮৬০	৮৮০	৯৭৬	১১১০	১২৩৫
মাথাপিছু জিএনআই (মার্কিন ডলারে)	৫৪৩	৫৯৮	৬৮৬	৭৫৯	৮৪৩	৯২৮	৯৫৫	১,০৫৪	১১৮৪	১৩১৪

উৎসঃ বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো। * সাময়িক হিসাব

সারণি ২.২ঃ চলতি বাজার মূল্যে স্থুল দেশজ উৎপাদ (জিডিপি)

(কোটি টাকায়)

খাত/উপখাত	২০০৬-০৭	২০০৭-০৮	২০০৮-০৯	২০০৯-১০	২০১০-১১	২০১১-১২	২০১২-১৩	২০১৩-১৪	২০১৪-১৫
১। কৃষি ও বনজ	**৭৯০১০**	**৮৯৯৮৬**	**৯৭৮০৭**	**১১০৯৯০**	**১২৫৪৬৯**	**১৩৮৮৭৯**	**১৪৮৭৫৮**	**১৬৩৯৬৮**	**১৭৭০০৫**
ক) শস্য ও শাকসজি	৫৭৬২৫	৬৫৭৩০	৭১১৫৮	৮১৪০৫	৯১৯০৩	১০০৮৯৯	১০৬৭৯৪	১১৭৯০৩	১২৬৬২৩
খ) প্রাণি সম্পদ	১২১৯৮	১৪২৯৭	১৫৮৩০	১৭৫২৭	২০১৭১	২২৯৯৯	২৫৩৫৯	২৭৬৬৭	২৯৮৮৭
গ) বনজ সম্পদ	৯১৮৭	৯৯৫৯	১০৮১৯	১২০৫৮	১৩৩৯৫	১৪৯৮১	১৬৬০৫	১৮৩৯৮	২০৪৯৪
২। মৎস্য সম্পদ	**১৮৮৯০**	**২০৬৩৫**	**২২৭৯৩**	**২৪৬০১**	**২৮৪৮২**	**৩১৮২৭**	**৩৬৯৯৫**	**৪২৩০৮**	**৪৭৫৮৩**
৩। খনিজ ও খনন	**৭৮৬৬**	**৯১১০**	**১০৯৬২**	**১২৬৪৫**	**১৪২০৮**	**১৬৬৫০**	**১৯৪৬১**	**২১০৮০**	**২৩৩৬২**
ক) প্রাকৃতিক গ্যাস ও	৫০১৮	৫৩৮৭	৬১৯৪	৬৮০৩	৬৮৪৬	৭৩৬৬	৭৯৫৩	৮১৫৬	৮৭৩২
খ) অন্যান্য খনিজ সম্পদ	২৮৪৮	৩৭২৩	৪৭৬৯	৫৮৪২	৭৩৬৩	৯২৮৪	১১৫০৮	১২৯২৪	১৪৬৩০
৪। শিল্প (ম্যানুঃ)	**৮৭৬০৫**	**১০১৩৭১**	**১১৬১৯৭**	**১২৮৫৭৩**	**১৪৬৫০৩**	**১৬৭৯২৭**	**১৯৭১২৭**	**২২৩২২১**	**২৫৬০০৩**
ক) বৃহৎ ও মাঝারী শিল্প	৭০১৩১	৮১০৬৬	৯১৯৯৬	১০১৬১৯	১১৬৪৫৩	১৩৪৩৯৭	১৫৮৪৪৮	১৮০৩৮২	২০৬৬৯৪
খ) ক্ষুদ্রায়তন শিল্প	১৭৪৭৪	২০৩০৫	২৪২০১	২৬৯৫৪	৩০০৪৯	৩৩৫৩০	৩৮৬৭৯	৪২৮৩৯	৪৯৩০৯
৫। বিদ্যুৎ, গ্যাস, ও পানি সম্পদ	**৫৭২০**	**৬৪৪১**	**৭০১২**	**৮৩৪৬**	**১১৫৮৯**	**১৪১৮৯**	**১৬৩৮১**	**১৮৪০১**	**২০৮০৮**
ক) বিদ্যুৎ	৪৫০০	৪৯৫০	৫২৮২	৬০০৩	৮৬৪৬	১০১৮৯	১২১৬৮	১৩৮৩৪	১৫৬৪২
খ) গ্যাস	৮৪২	১০৪৫	১২৪৯	১৮০৯	২৩৩৯	৩৩০০	৩৪৪৮	৩৬৭৬	৪১৪১
গ) পানি	৩৭৮	৪৪৫	৪৮১	৫৩৩	৬০৫	৭০১	৭৬৬	৮৯১	১০২৫
৬। নির্মাণ	**৩৩৫১৩**	**৩৮৫৩৩**	**৪৪১৮০**	**৪৯৪৭৪**	**৫৭০৭২**	**৬৮৩০৪**	**৮২৪৩২**	**৯০৮৩৪**	**১০২৮১১**
৭। পাইকারি ও খুচরা বাণিজ্য	**৭২৯৭১**	**৮৬১৪৯**	**৯৬০৯৪**	**১০৬৬০৬**	**১২১৩৩২**	**১৩৭৩৯৬**	**১৫৪৫৭৯**	**১৭২৫৭৫**	**১৯৩১২৯**
৮। হোটেল ও রেস্তোরাঁ	**৪০৬৯**	**৪৮২৬**	**৫৭৯০**	**৭০২৮**	**৮২২৮**	**৯৭৫৫**	**১১২৬৩**	**১৩০৩৫**	**১৪৮৪৫**
৯। পরিবহণ, সংরক্ষণ ও	**৫৩১৩২**	**৫৯৬২০**	**৬৭১৮৫**	**৮০৪৫৪**	**৯৪৫৭১**	**১১২৭০২**	**১২৪২৮১**	**১৩৪৩১৭**	**১৪৩৫২৪**
ক) স্থুল পথ পরিবহণ	৩৭২৯৫	৪১৮৮৮	৪৬৯৯৪	৫৭৫৭৪	৬৮৭১৭	৮৩৩৪৫	৯২১৮৩	৯৯৩১১	১০৫৭৯৪
খ) পানি পথ পরিবহণ	৪৮৯৯	৫১১১	৫৫২৫	৬৩৮৬	৬৯৩৪	৭০৮৯	৭৬৪৯	৮০৬৪	৮৫৮৯
গ) আকাশ পথ পরিবহণ	৫৭৫	৫৯৫	৬৮২	৮১১	৯৫৭	১০২২	১০৪৭	১১১৬	১১৯০
ঘ) সহযোগী পরিবহণ সেবা	২৭৭২	৩১৩৭	৩৪২৩	৩৮২৬	৪৪১০	৫৩৯১	৬০০১	৬৬৭২	৭২৪৬
ঙ) ডাক ও তার যোগাযোগ	৭৫৯১	৮৮৮৯	১০৫৬১	১১৮৫৮	১৩৫৫৩	১৫৮৫৪	১৭৪০০	১৯১৫৪	২০৭০৫
১০। আর্থিক প্রতিষ্ঠানিক সেবা	**১৬২৬৫**	**১৮৭০২**	**২০০০৩**	**২৩৪৪৮**	**২৭৫৪৫**	**৩৬৩১৬**	**৪২২৩৭**	**৪৮৫৬৩**	**৫৬৫৭৭**
ক) ব্যাংক	১৩৭৩১	১৫৪৩১	১৫৮১৭	১৭৫০৮	২১৫২২	২৯৩৫১	৩৪৭২৭	৪০৩৯০	৪৭৪৫৫
খ) বীমা	১৭১৪	২১০৮	২৬২৬	৩৩৫৬	৩৭৮৬	৪৫৮৪	৪৯২০	৫৩৬৪	৫৯৪২
গ) অন্যান্য	৮১৯	১১৬৩	১৫৬০	২৫৮৩	২২৩৭	২৩৮১	২৫৯০	২৮১০	৩১৮০
১১। রিয়েল এস্টেট, ভাড়া ও	**৪১৩৩৭**	**৪৫১১৮**	**৪৯৪৪৯**	**৫৪৪৩২**	**৬০১১৯**	**৬৮৭১৫**	**৭৮৮২০**	**৯১২২৯**	**১০৬৩২৭**
১২। লোক প্রশাসন ও প্রতিরক্ষা	**১৭১৩২**	**১৯৬৬৪**	**২২৪৬৪**	**২৫৪২৬**	**৩০২৮২**	**৩৩৪৯৯**	**৩৭৬৭৮**	**৪৪৭২৮**	**৫৩৩৫৬**
১৩। শিক্ষা	**১১৮৫৩**	**১৪৩৩২**	**১৬২৫০**	**১৮২৫৮**	**২১৩৯২**	**২৫০৪৮**	**২৮৪২৯**	**৩২৭৬৭**	**৩৭৮৯৪**
১৪। স্বাস্থ্য ও সামাজিক সেবা	**১০৪৫৩**	**১২১৬৪**	**১৩৩৬৮**	**১৫৩২৬**	**১৭৭৩১**	**২০১৩৩**	**২৩৮৬৮**	**২৬৯২৪**	**৩০৪৫৫**
১৫। কমিউনিটি, সামাজিক ও	**৬৩৫৪৪**	**৭২২০০**	**৮৫৩৬৬**	**৯৫৬৯২**	**১০৪৬০৮**	**১১৭২৯৩**	**১৩৮৯৫২**	**১৫৬৫৫২**	**১৭৬৫২২**
ভর্তুকি ব্যাতিরেকে শুল্ক	**২৬৪৩৯**	**২৯৮৩২**	**৩০১৫২**	**৩৬২৪১**	**৪৬৬৯৮**	**৫৬৫৬৯**	**৫৭৬৬২**	**৬৩১৭৪**	**৭৩৩৯৯**
চলতি বাজার মূল্যে জিডিপি	**৫৪৯৮০০**	**৬২৮৬৮২**	**৭০৫০৭২**	**৭৯৭৫৩৯**	**৯১৫৮২৯**	**১০৫৫২০৪**	**১১৯৮৯২৩**	**১৩৪৩৬৭৪**	**১৫১৩৬০০**
চলতি বাজার মূল্যে প্রবৃদ্ধি হার	**১৩.৯৯**	**১৪.৩৫**	**১২.১৫**	**১৩.১১**	**১৪.৮৩**	**১৫.২২**	**১৩.৬২**	**১২.০৭**	**১২.৬৫**

উৎসঃ বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, * সাময়িক হিসাব।

খাতভিত্তিক জিডিপি প্রবৃদ্ধি

উৎপাদন ভিত্তিতে নিরূপিত জিডিপি ১৫ টি খাত নিয়ে গঠিত। খাতসমূহ কৃষি, শিল্প ও সেবা- এ তিনটি বৃহৎ খাতে (broad sector) বিভক্ত। এছাড়া, কয়েকটি খাত আবার একাধিক উপখাতে বিভক্ত। সার্বিক খাত হিসেবে কৃষি খাত কৃষি ও বনজ এবং মৎস্য- এ দুটি উপখাতের সমন্বয়ে গঠিত। সার্বিক শিল্প খাতের আওতাধীন খাতসমূহ হচ্ছে খনিজ ও খনন, ম্যানুফ্যাকচারিং, বিদ্যুৎ, গ্যাস ও পানি সরবরাহ এবং নির্মাণ। এছাড়া, পাইকারি ও খুচরা বাণিজ্য, হোটেল ও রেস্তোরাঁ, পরিবহণ, সংরক্ষণ ও যোগাযোগ, আর্থিক প্রাতিষ্ঠানিক সেবা, রিয়েল এস্টেট, ভাড়া ও অন্যান্য ব্যবসা, লোক প্রশাসন ও প্রতিরক্ষা, শিক্ষা, স্বাস্থ্য ও সামাজিক সেবা এবং কমিউনিটি, সামাজিক ও ব্যক্তিগত সেবা খাতসমূহের সমন্বিত উৎপাদনই সার্বিক সেবা খাতের মোট উৎপাদন। সারণি ২.৩ এবং লেখচিত্র ২.১ -এ ২০০৫-০৬ অর্থবছরের ভিত্তি মূল্যে জিডিপির খাতওয়ারি প্রবৃদ্ধির হার উপস্থাপন করা হ'লঃ

সারণি ২.৩ঃ ২০০৫-০৬ অর্থবছরের ভিত্তি মূল্যে জিডিপির খাতওয়ারি প্রবৃদ্ধির হার

(শতকরা হার)

খাত/উপখাত	২০০৬-০৭	২০০৭-০৮	২০০৮-০৯	২০০৯-১০	২০১০-১১	২০১১-১২	২০১২-১৩	২০১৩-১৪	২০১৪-১৫*
১। কৃষি ও বনজ	**৬.০৪**	**৩.৮৭**	**৩.০৯**	**৬.৫৫**	**৩.৮৯**	**২.৪১**	**১.৪৭**	**৩.৮১**	**২.০৭**
ক) শস্য ও শাকসজি	৭.০০	৩.৯৯	২.৮৩	৭.৫৭	৩.৮৫	১.৭৫	০.৫৯	৩.৭৮	১.৩০
খ) প্রাণি সম্পদ	১.৯৯	২.২০	২.৩৫	২.৫১	২.৫৯	২.৬৮	২.৭৪	২.৮৩	৩.১০
গ) বনজ সম্পদ	৫.৫০	৫.২৬	৫.৫৪	৫.৩৪	৫.৫৬	৫.৯৬	৫.০৪	৫.০১	৫.১০
২। মৎস্য সম্পদ	**৯.৪১**	**৭.০০**	**৪.৯৪**	**৪.৬০**	**৬.৬৯**	**৫.৩২**	**৬.১৮**	**৬.৩৬**	**৬.৪১**
৩। খনিজ ও খনন	**৬.০৫**	**৭.৬৭**	**১০.৪৬**	**৮.১৫**	**৩.৬২**	**৬.৯৩**	**৯.৩৫**	**৪.৬৮**	**৭.৪৮**
ক) প্রাকৃতিক গ্যাস ও অপরিশোধিত	৬.৫৯	৬.৬৩	৯.৪৯	৮.৫২	০.৬৮	৩.৭৮	৭.৫৫	২.৪৭	৬.৩০
খ) অন্যান্য খনিজ সম্পদ ও খনন	৪.৯৮	৯.৭৯	১২.৩৯	৭.৪৩	৯.৩৪	১২.৫৮	১২.৩৪	৮.২০	৯.২৪
৪। শিল্প (ম্যানুঃ)	**১০.৫৪**	**৭.৩৩**	**৬.৬৯**	**৬.৬৫**	**১০.০১**	**৯.৯৬**	**১০.৩১**	**৮.৭৭**	**১০.৩২**
ক) বৃহৎ ও মাঝারী শিল্প	১০.৮০	৭.৩৮	৬.৫৪	৬.২৭	১১.১১	১০.৭৬	১০.৬৫	৯.৩২	১০.২৪
খ) ক্ষুদ্রায়তন শিল্প	৯.৪৮	৭.১৫	৭.৩০	৮.১৭	৫.৬৭	৬.৫৮	৮.৮১	৬.৩৩	১০.৭০
৫। বিদ্যুৎ, গ্যাস, ও পানি সম্পদ	**৫.০১**	**৭.৭৭**	**৭.২৬**	**৯.৯৭**	**১৩.৩৬**	**১০.৫৮**	**৮.৯৯**	**৪.৫৪**	**৭.০১**
ক) বিদ্যুৎ	৪.৪৪	৭.২১	৭.১৩	১০.৫০	১৫.৮২	১০.৯৭	৯.৬৯	৪.৪৫	৬.৯২
খ) গ্যাস	৮.৪৬	৮.৫৩	১০.৩৩	৮.৭৮	০.০৭	৭.৪৫	৫.৯১	১.৬৯	৫.৬৯
গ) পানি	৫.৯৭	১৩.২৯	৩.২২	৫.৭৯	৮.২৩	১০.৯১	৪.৭৫	১০.৯৩	১০.৩১
৬। নির্মাণ	**৬.৭৪**	**৫.৯৯**	**৬.৫৮**	**৭.২১**	**৬.৯৫**	**৮.৪২**	**৮.০৪**	**৮.০৮**	**৮.৬৩**
৭। পাইকারি ও খুচরা বাণিজ্য	**৮.৩৭**	**৭.২৭**	**৫.৮৬**	**৫.৮৫**	**৬.৬৯**	**৬.৭০**	**৬.১৮**	**৬.৭৩**	**৬.৫৯**
৮। হোটেল ও রেস্তোরাঁ	**৫.৫৩**	**৫.৬৮**	**৫.৮৬**	**৬.০১**	**৬.২০**	**৬.৩৯**	**৬.৪৯**	**৬.৭০**	**৬.৮৫**
৯। পরিবহণ, সংরক্ষণ ও যোগাযোগ	**৯.৪২**	**৮.২৬**	**৮.০৫**	**৭.৫৫**	**৮.৪৪**	**৯.১৫**	**৬.২৭**	**৬.০৫**	**৫.৯৯**
ক) স্থুল পথ পরিবহণ	৬.৪১	৫.৫৬	৬.৫৯	৭.৩১	৭.১৮	৬.৮৩	৫.৯১	৫.৫৬	৫.৪৫
খ) পানি পথ পরিবহণ	৩.২৬	৩.১৫	৩.১১	৩.১৯	২.৯২	৩.১০	৩.২১	৩.১৫	৩.৪৮
গ) আকাশ পথ পরিবহণ	-৩.৮৬	২.২০	১৪.৪১	১৮.১৯	১৫.২৩	৫.৭৬	-১.৬৪	০.৬১	১.২৪
ঘ) সহযোগী পরিবহণ সেবা ও সংরক্ষণ	৬.৪১	১১.৩১	৭.৭৯	১০.৩৩	১১.৯৭	১৭.৬০	৩.৩৬	২.৫৯	৪.৫৬
ঙ) ডাক ও তার যোগাযোগ	৩৩.৪৮	২২.৭১	১৫.৮৮	৯.০২	১৩.৭৭	১৬.৯২	৯.৬৭	৯.৫৬	৮.৮৪
১০। আর্থিক প্রতিষ্ঠানিক সেবা	**৬.৪৯**	**৩.৯২**	**-০.০৩**	**৬.২৫**	**১০.৪৪**	**১৪.৭৬**	**৯.১১**	**৭.২৭**	**৮.৮৩**
ক) ব্যাংক	৪.৭৪	২.২৩	-৩.৯০	৩.১৫	১২.৯৮	১৭.৬১	১০.৮৭	৮.৩৩	৯.৭৯
খ) বীমা	১৮.৭৮	১১.৮৭	১৬.৮০	১৯.০৮	৩.৬৯	৪.৪১	০.৬১	১.৫৫	৩.৫৬
গ) অন্যান্য	১৪.১৭	১৬.২০	২৪.১৮	১৭.৭১	-২.৫৪	২.৩৩	৩.১৪	৩.৬৩	৪.৭০
১১। রিয়েল এস্টেট, ভাড়া ও অন্যান্য	**৩.৮২**	**৩.৭৯**	**৩.৮৩**	**৩.৮৫**	**৩.৮৮**	**৩.৯২**	**৪.০৪**	**৪.২৫**	**৪.৬৬**
১২। লোক প্রশাসন ও প্রতিরক্ষা	**৮.৫৫**	**৬.৫১**	**৭.১১**	**৮.২৩**	**৮.৮৪**	**৭.৫৩**	**৬.৫৩**	**৬.৮৯**	**৭.৪৮**
১৩। শিক্ষা	**৮.৭৬**	**৭.১৪**	**৫.৮৯**	**৫.১৮**	**৫.৬৩**	**৭.৭৫**	**৬.৩০**	**৭.২৬**	**৭.৬২**
১৪। স্বাস্থ্য ও সামাজিক সেবা	**৪.৯৬**	**৫.৮৬**	**৩.০৪**	**৬.৮৩**	**৬.৩৪**	**৩.৮১**	**৪.৭৬**	**৫.০৬**	**৫.৬৯**
১৫। কমিউনিটি, সামাজিক ও ব্যক্তিগত	**৩.১৮**	**৩.১৯**	**৩.২০**	**৩.২১**	**৩.২৩**	**৩.২৫**	**৩.২৫**	**৩.২৭**	**৩.৩৬**
স্থির মূল্যে জিডিপি প্রবৃদ্ধির হার	**৭.০৬**	**৬.০১**	**৫.০৫**	**৫.৫৭**	**৬.৪৬**	**৬.৫২**	**৬.০১**	**৬.০৬**	**৬.৫১**

উৎসঃ বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো * সাময়িক হিসাব

লেখচিত্র ২.১: স্থির মূল্যে বৃহৎ খাতভিত্তিক জিডিপি প্রবৃদ্ধির হার (%)



কৃষি খাত

২০০৫-০৬ অর্থবছরের ভিত্তি মূল্যে চলতি ২০১৪-১৫ অর্থবছরের স্থুল দেশজ উৎপাদে সার্বিক কৃষি (broad agriculture) খাতের মধ্যে কৃষি ও বনজ খাতে প্রবৃদ্ধির হার প্রাক্কলন করা হয়েছে ২.০৭ শতাংশ, যা গত অর্থবছরে ছিল ৩.৮১ শতাংশ। এ খাতের প্রাণিসম্পদ ও বনজ সম্পদ উপখাতের প্রবৃদ্ধির হার সামান্য বৃদ্ধি পেলেও মূলতঃ শস্য ও শাকসজি উপখাতে চলতি অর্থবছরের প্রবৃদ্ধি গত অর্থবছরের ৩.৭৮ শতাংশ থেকে ১.৩০ শতাংশে নেমে আসায় কৃষি ও বনজ খাতে সার্বিক প্রবৃদ্ধি হ্রাস পেয়েছে। চলতি অর্থবছরে মোট খাদ্যশস্য (চাল, গম ও ভুট্টা) উৎপাদনের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে ৩৮৩.৪৯ লক্ষ মেট্রিক টন, যা গত অর্থবছরের মোট খাদ্যশস্য উৎপাদন ৩৮১.৭৪ লক্ষ মেট্রিক টন অপেক্ষা ১.৭৫ লক্ষ মেট্রিক টন বেশি। প্রাথমিক হিসাব অনুযায়ী এ বছর আউশ (২৩.২৮ লক্ষ মেট্রিক টন) ও আমনের (১৩১.৯০ লক্ষ মেট্রিক টন) উৎপাদন হয়েছে ১৫৪.১৮ লক্ষ মেট্রিক টন, যা গত বছরে ছিল ১৫৩.৪৯ লক্ষ মেট্রিক টন। এ বছর বোরোর উৎপাদন লক্ষ্যমাত্রা ধরা হয়েছে ১৮৯.৭৭ লক্ষ মেট্রিক টন, গত বছরে যার উৎপাদন ছিল ১৯০.০৭ লক্ষ মেট্রিক টন। চলতি অর্থবছরে গম উৎপাদনের লক্ষ্যমাত্রা ধরা হয়েছে ১৩.৩৩ লক্ষ মেট্রিক টন, গত বছরে যার উৎপাদন ছিল ১৩.০২ লক্ষ মেট্রিক টন। এছাড়া, ২০১৪-১৫ অর্থবছরের সাময়িক হিসাব অনুযায়ী ভুট্টা উৎপাদন কিছুটা বেড়ে ২৫.২১ লক্ষ মেট্রিক টন হয়েছে, যা গত অর্থবছরে ছিল ২৫.১৬ লক্ষ মেট্রিক টন।

চলতি ২০১৪-১৫ অর্থবছরে প্রাণিসম্পদ ও বনজসম্পদ উপখাতে প্রবৃদ্ধির ধারা অব্যাহত রয়েছে। চলতি অর্থবছরে প্রাণিসম্পদ ও বনজ সম্পদ উপখাতে প্রবৃদ্ধি হয়েছে যথাক্রমে ৩.১০ শতাংশ ও ৫.১০ শতাংশ, যা গত অর্থবছরে অর্জিত হয়েছিল যথাক্রমে ২.৮৩ শতাংশ ও ৫.০১ শতাংশ।

মৎস্য অধিদপ্তরের প্রাক্কলিত হিসাব অনুযায়ী চলতি ২০১৪-১৫ অর্থবছরে অভ্যন্তরীণ ও সামুদ্রিক উৎস হতে মোট মৎস্য উৎপাদনের লক্ষ্যমাত্রা ৩৭.০৩ লক্ষ মেট্রিক টন, যা ২০১৩-১৪ অর্থবছরের মোট মৎস্য উৎপাদনের (৩৫.৪৭ লক্ষ মেট্রিক টন) তুলনায় ৪.৪০ শতাংশ বেশি। ২০১৪-১৫ অর্থবছরে এ খাতে প্রবৃদ্ধি দাঁড়িয়েছে ৬.৪১ শতাংশে, যা ২০১৩-১৪ অর্থবছরে ছিল ৬.৩৬ শতাংশ।

শিল্প খাত

২০১৪-১৫ অর্থবছরে সার্বিক শিল্প (broad industry) খাতের মধ্যে খনিজ ও খনন খাতের প্রবৃদ্ধির হার ব্যাপক বৃদ্ধি পেয়ে ৭.৪৮ শতাংশে দাঁড়িয়েছে, যা ২০১৩-১৪ অর্থবছরে ছিল ৪.৬৮ শতাংশ। ২০১৪-১৫ অর্থবছরে প্রাকৃতিক গ্যাস ও অপরিশোধিত পেট্রোলিয়াম উপখাতে প্রবৃদ্ধির হার ৬.৩০ শতাংশ এবং অন্যান্য খনিজ ও কয়লা উপখাতে প্রবৃদ্ধির হার ৯.২৪ শতাংশ হবে বলে সাময়িক হিসাব করা হয়েছে। ২০১৩-১৪ অর্থবছরে এ দুই উপখাতে প্রবৃদ্ধি হয়েছিল যথাক্রমে ২.৪৭ শতাংশ ও ৮.২০ শতাংশ। সামগ্রিকভাবে ২০১৪-১৫ অর্থবছরে ম্যানুফ্যাকচারিং শিল্প খাতে (বৃহৎ, মাঝারি ও ক্ষুদ্র শিল্পে) ১০.৩২ শতাংশ প্রবৃদ্ধি অর্জিত হয়েছে, ২০১৩-১৪ অর্থবছরে যা ছিল ৮.৭৭ শতাংশ। এর মধ্যে বৃহৎ ও মাঝারি শিল্প এবং ক্ষুদ্রায়তন শিল্প উভয় উপখাতেই গত অর্থবছরের প্রবৃদ্ধির হারের তুলনায় চলতি অর্থবছরে প্রবৃদ্ধির হার বৃদ্ধি পেয়েছে। চলতি অর্থবছরের সাময়িক হিসাব অনুযায়ী এ দুই উপখাতে প্রবৃদ্ধির হার দাঁড়িয়েছে যথাক্রমে ১০.২৪ শতাংশ ও ১০.৭০ শতাংশ, যা গত ২০১৩-১৪ অর্থবছরের চূড়ান্ত হিসাব অনুযায়ী ছিল যথাক্রমে ৯.৩২ শতাংশ ও ৬.৩৩ শতাংশ।

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক নিরূপিত শিল্প উৎপাদন সূচক (QIP, ভিত্তিবছরঃ ২০০৫-০৬) অনুসারে ২০১৪-১৫ অর্থবছরের প্রথম ছয় মাসে গড়ে (জুলাই-ডিসেম্বর'২০১৫) বৃহৎ ও মাঝারি ম্যানুফ্যাকচারিং শিল্প উপখাতে সাধারণ শিল্প উৎপাদন সূচক দাঁড়িয়েছে ২৩১.৮৩, যা পূর্ববর্তী অর্থবছরের একই সময়ের তুলনায় ১২.৮৪ শতাংশ বেশি। ২০১৪-১৫ অর্থবছরের প্রথম ছয় মাসে এ উপখাতের আওতাধীন গুরুত্বপূর্ণ খাতের মধ্যে তৈরি পোশাক ও নিটওয়্যার (০.৭৪%), খাদ্য দ্রব্য (৪২.৮৫%), ফার্মাসিটিক্যালস্ ও মেডিসিনাল কেমিক্যাল (৬৯.৭৯%), অ-ধাতব খনিজ দ্রব্য (১৭.৪২%), চামড়া ও চামড়াজাত দ্রব্য (১০.০২%), বেসিক ধাতব দ্রব্য (৫.১৬%), ফেব্রিকেটেড ধাতব দ্রব্য (৩৭.৭৬%), রাসায়নিক দ্রব্য (২.৮৪%) প্রভৃতি শিল্পে পূর্ববর্তী অর্থবছরের একই সময়ের তুলনায় উৎপাদন সূচক বৃদ্ধি পেয়েছে। অপরদিকে, টেক্সটাইল (-১০.৭৬%) এবং টোবাকো (-৩.৫১%) শিল্পে উৎপাদন সূচক পূর্ববর্তী অর্থবছরের একই সময়ের তুলনায় হ্রাস পেয়েছে।

চলতি অর্থবছরে স্থির মুল্যের জিডিপিতে বিদ্যুৎ, গ্যাস ও পানি খাতে প্রবৃদ্ধি প্রাক্কলন করা হয়েছে ৭.০১ শতাংশ, যা গত অর্থবছরে ছিল ৪.৫৪ শতাংশ। এর মধ্যে বিদ্যুৎ ও গ্যাস উপখাতে প্রবৃদ্ধির হার গত অর্থবছরের তুলনায় বৃদ্ধি পেলেও পানি উপখাতে প্রবৃদ্ধির হার চলতি অর্থবছরে হ্রাস পেয়েছে। চলতি অর্থবছরে বিদ্যুৎ, গ্যাস ও পানি উপখাতে প্রবৃদ্ধির হার দাঁড়িয়েছে যথাক্রমে ৬.৯২ শতাংশ, ৫.৬৯ শতাংশ ও ১০.৩১ শতাংশ, যা গত অর্থবছরে ছিল যথাক্রমে ৪.৪৫ শতাংশ, ১.৬৯ শতাংশ ও ১০.৯৩ শতাংশ। পাশাপাশি, অবকাঠামো খাতে বিনিয়োগ বৃদ্ধি পাওয়ায় নির্মাণ খাতে ২০১৪-১৫ অর্থবছরে প্রবৃদ্ধির হার ৮.৬৩ শতাংশ হবে বলে প্রাক্কলন করা হয়েছে। পূর্ববর্তী অর্থবছরে এ খাতে প্রকৃত প্রবৃদ্ধি ছিল ৮.০৩ শতাংশ।

সেবা খাত

২০০৫-০৬ অর্থবছরের ভিত্তি মূল্যে সার্বিক সেবা (broad service) খাতের অর্ন্তভুক্ত প্রায় সকল খাতেই প্রবৃদ্ধির হার পূর্ববর্তী অর্থবছরের তুলনায় চলতি ২০১৪-১৫ অর্থবছরে বৃদ্ধি পাবে বলে প্রাক্কলন করা হয়েছে। পরিবহণ, সংরক্ষণ ও যোগাযোগ খাতের অর্ন্তভুক্ত ডাক ও তার যোগাযোগ উপখাত এবং আর্থিক প্রতিষ্ঠানিক সেবা খাতে অর্ন্তভুক্ত ব্যাংক উপখাতে চলতি অর্থবছরে পূর্ববর্তী অর্থবছরের তুলনায় প্রবৃদ্ধির হার কিছুটা হ্রাস পাবে। ২০১৪-১৫ অর্থবছরের সাময়িক হিসাবে, পাইকারি ও খুচরা বাণিজ্য খাতে প্রবৃদ্ধির হার পূর্ববর্তী অর্থবছরের ৬.৭৩ শতাংশ থেকে হ্রাস পেয়ে চলতি অর্থবছরে ৬.৫৯ শতাংশে দাঁড়িয়েছে। হোটেল ও রেস্তোঁরা খাতে প্রবৃদ্ধির হার পূর্ববর্তী অর্থবছরের (৬.৭০%) তুলনায় বৃদ্ধি পেয়ে ৬.৮৫ শতাংশ হবে বলে প্রাক্কলন করা হয়েছে। পরিবহণ, সংরক্ষণ ও যোগাযোগ খাতে চলতি অর্থবছরে ৫.৯৯ শতাংশ প্রবৃদ্ধি অর্জিত হবে বলে প্রাক্কলন করা হয়েছে। উল্লেখ্য, ২০১৪-১৫ অর্থবছরে এ খাতে প্রবৃদ্ধির হার ছিল ৬.০৫ শতাংশ। এ খাতের অর্ন্তগত ৫টি উপখাতের মধ্যে স্থল পরিবহন ও ডাক ও তার যোগাযোগ উপখাত ব্যতিত সকল উপখাতেই প্রবৃদ্ধির হার পূর্ববর্তী অর্থবছরের তুলনায় চলতি অর্থবছরে বৃদ্ধি পাবে বলে প্রাক্কলন করা হয়েছে। বিশেষ করে পরিবহন সেবা ও সংরক্ষণ উপখাতে গত অর্থবছরের প্রবৃদ্ধির হার ২.৫৯ শতাংশ হতে চলতি অর্থবছরে বৃদ্ধি পেয়ে দাঁড়িয়েছে ৪.৫৬

শতাংশে। পাশাপাশি, অন্যান্য উপখাতের মধ্যে চলতি অর্থবছরে স্থলপথ পরিবহণ উপখাতে ৫.৪৫ শতাংশ, পানিপথ পরিবহণে উপখাতে ৩.৪৮ শতাংশ, আকাশ পথ উপখাতে ১.২৪ শতাংশ এবং ডাক ও তার যোগাযোগ উপখাতে প্রবৃদ্ধির হার ৮.৮৪ শতাংশ অর্জিত হবে বলে প্রাক্কলন করা হয়েছে।

সার্বিক সেবাখাতের অন্তর্ভুক্ত অন্যান্য খাতের মধ্যে চলতি ২০১৪-১৫ অর্থবছরে আর্থিক ও প্রাতিষ্ঠানিক সেবা খাতের প্রবৃদ্ধি প্রাক্কলন করা হয়েছে ৮.৮৩ শতাংশে, যা ২০১৩-১৪ অর্থবছরে ছিল ৭.২৭ শতাংশ। এ খাতের তিনটি উপখাতেই প্রবৃদ্ধির হার বেড়েছে। রিয়েল এস্টেট, ভাড়া ও অন্যান্য ব্যবসা খাতের প্রবৃদ্ধির হার চলতি অর্থবছরে ৪.৬৬ শতাংশ হবে বলে প্রাক্কলন করা হয়েছে, যা ২০১৩-১৪ অর্থবছরে ছিল ৪.২৫ শতাংশ। এছাড়া, সার্বিক সেবা খাতের অন্তর্ভুক্ত অবশিষ্ট খাতসমূহের মধ্যে লোকপ্রশাসন ও প্রতিরক্ষা; শিক্ষা; স্বাস্থ্য ও সমাজকর্ম; কমিউনিটি, সামাজিক ও ব্যক্তিগত সেবা প্রভৃতি প্রত্যেক খাতেই প্রবৃদ্ধির হার পূর্ববর্তী অর্থবছরের তুলনায় চলতি অর্থবছরে বৃদ্ধি পেয়ে যথাক্রমে ৭.৪৮ শতাংশ, ৭.৬২ শতাংশ, ৫.৬৯ শতাংশ এবং ৩.৩৬ শতাংশ হবে বলে প্রাক্কলন করা হয়েছে।

স্থির মূল্যে জিডিপিতে খাতসমূহের অবদান

সারণি ২.৪-এ ২০০৫-০৬ অর্থবছরের ভিত্তি মূল্যে জিডিপিতে খাতওয়ারি অবদানের হার উপস্থাপন করা হয়েছে। ২০১৪-১৫ অর্থবছরে স্থির মূল্যে জিডিপিতে কৃষি ও বনজ খাতের অবদান প্রাক্কলন করা হয়েছে ১২.২৭ শতাংশ। তবে ২০১৩-১৪ অর্থবছরে এ খাতের প্রকৃত অবদান ছিল ১২.৮১ শতাংশ। গত অর্থবছরের ন্যায় চলতি অর্থবছরেও জিডিপিতে কৃষি ও বনজ খাতের অন্তর্ভুক্ত তিনটি উপখাতেরই অবদান হ্রাস পেয়েছে। তবে জিডিপি'তে মৎস্য খাতের অবদান অপরিবর্তিত রয়েছে (৩.৬৯%)। সার্বিকভাবে ২০১৪-১৫ অর্থবছরে জিডিপি'তে কৃষি খাতের অবদান ২০০৫-০৬ অর্থবছরের ভিত্তি মূল্যে প্রাক্কলন করা হয়েছে ১৫.৯৬ শতাংশ। পূর্ববর্তী অর্থবছরে এ খাতের প্রকৃত অবদান ছিল ১৬.৫০ শতাংশ।

২০১৪-১৫ অর্থবছরে স্থির মূল্যে (ভিত্তিবছরঃ ২০০৫-০৬) সার্বিক শিল্প খাতের মধ্যে খনিজ ও খনন খাতের জিডিপি'তে অবদান প্রাক্কলন করা হয়েছে ১.৬৫ শতাংশ। তবে ২০১৩-১৪ অর্থবছরে এ খাতে প্রকৃত অবদান ছিল ১.৬৩ শতাংশ। ম্যানুফ্যাকচারিং শিল্প খাতের অবদান ২০১৩-১৪ অর্থবছরের ১৯.৪৭ শতাংশ থেকে বৃদ্ধি পেয়ে ২০১৪-১৫ অর্থবছরে ২০.১৭ শতাংশে পৌঁছেছে। এছাড়া, বিদ্যুৎ, গ্যাস ও পানি সরবরাহ এবং নির্মাণ উভয় খাতেরই অবদান গত অর্থবছরের তুলনায় চলতি অর্থবছরে কিছুটা বৃদ্ধি পেয়েছে। চলতি অর্থবছরে স্থির মূল্যের জিডিপিতে সার্বিক শিল্প খাতের অবদান দাঁড়িয়েছে ৩০.৪২ শতাংশ, যা ২০১৩-১৪ অর্থবছরে ছিল ২৯.৫৫ শতাংশ।

২০১৪-১৫ অর্থবছরের জিডিপি'তে সার্বিক সেবা খাতের অবদান দাঁড়িয়েছে ৫৩.৬২ শতাংশ, যা ২০১৩-১৪ অর্থবছরে ছিল ৫৩.৯৫ শতাংশ। সার্বিক সেবা খাতের অন্তর্ভুক্ত পাইকারি ও খুচরা বাণিজ্য খাতের জিডিপি'তে অবদান সর্বোচ্চ, যা চলতি ২০১৪-১৫ অর্থবছরে ১৪.১২ শতাংশ হতে পারে বলে প্রাক্কলন করা হয়েছে। ২০১৩-১৪ অর্থবছরে এ খাতের অবদান ছিল ১৪.১০ শতাংশ। এছাড়া, চলতি অর্থবছরে সার্বিক সেবা খাতের অন্তর্ভুক্ত পরিবহণ, সংরক্ষণ ও যোগাযোগ খাতের অবদান দ্বিতীয় সর্বোচ্চ (১১.৪৪%)। পরবর্তী অবস্থানসমূহে রয়েছে কমিউনিটি, সামাজিক ও ব্যক্তিগত সেবা (৯.৫৩%); রিয়েল এস্টেট, ভাড়া ও অন্যান্য ব্যবসা (৬.৮৩%); লোক প্রশাসন ও প্রতিরক্ষা (৩.৪২%); আর্থিক প্রতিষ্ঠানিক সেবা (৩.৪১%); শিক্ষা (২.২৮%); স্বাস্থ্য ও সামাজিক সেবা (১.৮৪%) এবং হোটেল ও রেস্তোরা(০.৭৫%)।

সারণি ২.৪ঃ ২০০৫-০৬ অর্থ বছরের ভিত্তি মূল্যে জিডিপিতে খাতওয়ারি অবদানের হার

(শতকরা হার)

খাত/উপখাত	২০০৬-০৭	২০০৭-০৮	২০০৮-০৯	২০০৯-১০	২০১০-১১	২০১১-১২	২০১২-১৩	২০১৩-১৪	২০১৪-১৫*
১। কৃষি ও বনজ	**১৫.১৭**	**১৪.৮৯**	**১৪.৫৮**	**১৪.৬৫**	**১৪.২৭**	**১৩.৭০**	**১৩.০৯**	**১২.৮১**	**১২.২৭**
ক) শস্য ও শাকসজি	১১.০৮	১০.৮৮	১০.৬৩	১০.৭৯	১০.৫০	১০.০১	৯.৪৯	৯.২৮	৮.৮৩
খ) প্রাণি সম্পদ	২.২৭	২.১৯	২.১৩	২.০৬	১.৯৮	১.৯০	১.৮৪	১.৭৮	১.৭৩
গ) বনজ সম্পদ	১.৮৩	১.৮২	১.৮২	১.৮১	১.৭৯	১.৭৮	১.৭৬	১.৭৪	১.৭২
২। মৎস্য সম্পদ	**৩.৭৫**	**৩.৭৯**	**৩.৭৮**	**৩.৭৩**	**৩.৭৩**	**৩.৬৮**	**৩.৬৮**	**৩.৬৯**	**৩.৬৯**
৩। খনিজ ও খনন	**১.৫২**	**১.৫৪**	**১.৬২**	**১.৬৫**	**১.৬০**	**১.৬১**	**১.৬৫**	**১.৬৩**	**১.৬৫**
ক) প্রাকৃতিক গ্যাস ও অপরিশোধিত তৈল	১.০২	১.০২	১.০৭	১.০৯	১.০৩	১.০০	১.০১	০.৯৮	০.৯৮
খ) অন্যান্য খনিজ সম্পদ ও খনন	০.৫০	০.৫২	০.৫৫	০.৫৬	০.৫৭	০.৬১	০.৬৪	০.৬৫	০.৬৭
৪। শিল্প (ম্যানুঃ)	**১৬.৬৪**	**১৬.৮৭**	**১৭.১০**	**১৭.২০**	**১৭.৭৫**	**১৮.২৮**	**১৯.০০**	**১৯.৪৭**	**২০.১৭**
ক) বৃহৎ ও মাঝারী শিল্প	১৩.৩৬	১৩.৫৫	১৩.৭১	১৩.৭৪	১৪.৩২	১৪.৮৬	১৫.৪৯	১৫.৯৫	১৬.৫২
খ) ক্ষুদ্রায়তন শিল্প	৩.২৯	৩.৩৩	৩.৩৯	৩.৪৬	৩.৪৩	৩.৪২	৩.৫১	৩.৫১	৩.৬৫
৫। বিদ্যুৎ, গ্যাস, ও পানি সম্পদ	**১.১৯**	**১.২১**	**১.২৩**	**১.২৮**	**১.৩৬**	**১.৪১**	**১.৪৫**	**১.৪২**	**১.৪৩**
ক) বিদ্যুৎ	০.৯৭	০.৯৮	১.০০	১.০৪	১.১৩	১.১৭	১.২১	১.১৯	১.২০
খ) গ্যাস	০.১৫	০.১৫	০.১৬	০.১৬	০.১৫	০.১৫	০.১৫	০.১৫	০.১৪
গ) পানি	০.০৮	০.০৮	০.০৮	০.০৮	০.০৮	০.০৯	০.০৮	০.০৯	০.০৯
৬। নির্মাণ	**৬.৪৯**	**৬.৫০**	**৬.৫৮**	**৬.৬৫**	**৬.৬৭**	**৬.৭৮**	**৬.৯০**	**৭.০৩**	**৭.১৭**
৭। পাইকারি ও খুচরা বাণিজ্য	**১৩.৭৮**	**১৩.৯৬**	**১৪.০৪**	**১৪.০২**	**১৪.০২**	**১৪.০২**	**১৪.০৩**	**১৪.১০**	**১৪.১২**
৮। হোটেল ও রেস্তোরাঁ	**০.৭৫**	**০.৭৪**	**০.৭৫**	**০.৭৫**	**০.৭৫**	**০.৭৪**	**০.৭৫**	**০.৭৫**	**০.৭৫**
৯। পরিবহণ, সংরক্ষণ ও যোগাযোগ	**১০.৩৭**	**১০.৬১**	**১০.৮৯**	**১১.০৫**	**১১.২৩**	**১১.৪৯**	**১১.৫০**	**১১.৪৯**	**১১.৪৪**
ক) স্থুল পথ পরিবহণ	৭.১২	৭.১০	৭.১৯	৭.২৮	৭.৩১	৭.৩২	৭.৩১	৭.২৭	৭.১৯
খ) পানি পথ পরিবহণ	০.৯৯	০.৯৭	০.৯৫	০.৯২	০.৮৯	০.৮৬	০.৮৪	০.৮১	০.৭৯
গ) আকাশ পথ পরিবহণ	০.১১	০.১১	০.১২	০.১৩	০.১৪	০.১৪	০.১৩	০.১২	০.১২
ঘ) সহযোগী পরিবহণ সেবা ও সংরক্ষণ	০.৫৩	০.৫৬	০.৫৮	০.৬০	০.৬৩	০.৬৯	০.৬৭	০.৬৫	০.৬৪
ঙ) ডাক ও তার যোগাযোগ	১.৬১	১.৮৭	২.০৬	২.১২	২.২৬	২.৪৮	২.৫৬	২.৬৪	২.৭০
১০। আর্থিক প্রতিষ্ঠানিক সেবা	**৩.০৯**	**৩.০৩**	**২.৮৮**	**২.৮৮**	**২.৯৯**	**৩.২১**	**৩.৩০**	**৩.৩৪**	**৩.৪১**
ক) ব্যাংক	২.৬১	২.৫২	২.৩০	২.২৪	২.৩৭	২.৬২	২.৭৩	২.৭৯	২.৮৭
খ) বীমা	০.৩৩	০.৩৪	০.৩৮	০.৪৩	০.৪২	০.৪১	০.৩৯	০.৩৭	০.৩৬
গ) অন্যান্য	০.১৫	০.১৬	০.১৯	০.২১	০.২০	০.১৯	০.১৮	০.১৮	০.১৮
১১। রিয়েল এস্টেট, ভাড়া ও অন্যান্য ব্যবসা	**৮.০৩**	**৭.৮৭**	**৭.৭৭**	**৭.৬১**	**৭.৪১**	**৭.২২**	**৭.০৭**	**৬.৯৫**	**৬.৮৩**
১২। লোক প্রশাসন ও প্রতিরক্ষা	**৩.১২**	**৩.১৪**	**৩.১৯**	**৩.২৬**	**৩.৩৩**	**৩.৩৫**	**৩.৩৬**	**৩.৩৯**	**৩.৪২**
১৩। শিক্ষা	**২.২১**	**২.২৪**	**২.২৫**	**২.২৩**	**২.২১**	**২.২৩**	**২.২৪**	**২.২৬**	**২.২৮**
১৪। স্বাস্থ্য ও সামাজিক সেবা	**১.৯৯**	**১.৯৯**	**১.৯৫**	**১.৯৬**	**১.৯৫**	**১.৯০**	**১.৮৮**	**১.৮৬**	**১.৮৪**
১৫। কমিউনিটি, সামাজিক ও ব্যক্তিগত সেবা	**১১.৯১**	**১১.৬১**	**১১.৩৮**	**১১.০৮**	**১০.৭২**	**১০.৩৮**	**১০.০৯**	**৯.৮২**	**৯.৫৩**
মোট	**১০০.০০**	**১০০.০০**	**১০০.০০**	**১০০.০০**	**১০০.০০**	**১০০.০০**	**১০০.০০**	**১০০.০০**	**১০০.০০**

উৎসঃ বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো। * সাময়িক হিসাব

জিডিপিতে সার্বিক খাতসমূহের অবদানের কাঠামোগত পরিবর্তন সারণি ২.৫ ও লেখচিত্র ২.২ -এ দেখানো হয়েছে। সারণি থেকে দেখা যাচ্ছে যে, জিডিপিতে কৃষি থেকে শিল্প খাতের অবদানের কাঠামোগত পরিবর্তনের ধারা এ অর্থবছরেও অব্যাহত আছে।

সারণি ২.৫ঃ স্থির মূল্যে দেশজ উৎপাদ সার্বিক খাতসমূহের অবদানের কাঠামোগত পরিবর্তন ও প্রবৃদ্ধির ধারা

অবদান (শতকরা হার)										
খাত	১৯৮০-৮১	১৯৮৫-৮৬	১৯৯০-৯১	১৯৯৫-৯৬	২০০০-০১	২০০৫-০৬	২০১০-১১	২০১২-১৩	২০১৩-১৪	২০১৪-১৫*
কৃষি	৩৩.০৭	৩১.১৫	২৯.২৩	২৫.৬৮	২৫.০৩	১৯.০১	১৮.০১	১৬.৭৮	১৬.৫০	১৫.৯৬
শিল্প	১৭.৩১	১৯.১৩	২১.০৪	২৪.৮৭	২৬.২০	২৫.৪০	২৭.৩৮	২৯.০০	২৯.৫৫	৩০.৪২
সেবা	৪৯.৬২	৪৯.৭৩	৪৯.৭৩	৪৯.৪৫	৪৮.৭৭	৫৫.৫৯	৫৪.৬১	৫৪.২২	৫৩.৯৫	৫৩.৬২
মোট	১০০.০০	১০০.০০	১০০.০০	১০০.০০	১০০.০০	১০০.০০	১০০.০০	১০০.০০	১০০.০০	১০০.০০
প্রবৃদ্ধি (শতকরা হার)										
কৃষি	৩.৩১	৩.৩১	২.২৩	৩.১০	৩.১৪	৫.৫০	৪.৪৬	২.৪৬	৪.৩৭	৩.০৪
শিল্প	৫.১৩	৬.৭২	৪.৫৭	৬.৯৮	৭.৪৫	৯.৮০	৯.০২	৯.৬৪	৮.১৬	৯.৬০
সেবা	৩.৫৫	৪.১০	৩.২৮	৩.৯৬	৫.৫৩	৬.৬০	৬.২২	৫.৫১	৫.৬২	৫.৮৩
সার্বিক জিডিপি (উৎপাদন মূল্যে)	৩.৭৪	৩.৩৪	৩.২৪	৪.৪৭	৫.৪১	৭.১৮	৬.৬৪	৬.১৪	৬.১৫	৬.৪৯

উৎস: বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো * সাময়িক হিসাব। নোটঃ ২০০০-০১ অর্থবছর পর্যন্ত উপাত্তসমূহ ১৯৯৫-৯৬ অর্থবছরের এবং পরবর্তী অর্থবছরসমূহ ২০০৫-০৬ অর্থবছরের ভিত্তিমূল্যে নিরূপিত।

লেখচিত্র ২.২ থেকে দেখা যাচ্ছে যে, গত প্রায় সাড়ে তিন দশকে জিডিপিতে কৃষি খাতের অবদান ক্রমান্বয়ে হ্রাস পেয়েছে এবং শিল্প খাতের অবদান ক্রমান্বয়ে বৃদ্ধি পেয়েছে। ২০০০-০১ অর্থবছর পর্যন্ত সেবা খাতের অবদান প্রায় ৫০ শতাংশ থাকলেও ২০০৫-০৬ অর্থবছর হতে এ হার ৫৫.৫৯ শতাংশে উন্নীত হয় এবং সাম্প্রতিক সময়ে এ খাতের অবদান ৫৫ শতাংশের কাছাকাছি রয়েছে।

লেখচিত্র ২.২: স্থির মূল্যে গত প্রায় সাড়ে তিন দশকের জিডিপি'র বৃহৎ খাতসমূহের অবদানের পরিবর্তনের গতিধারা



ব্যয়ভিত্তিক জিডিপি

সারণি ২.৬ -এ ব্যয়ভিত্তিতে নিরূপিত জিডিপি ও সারণি ২.৭ -এ জিডিপি'র শতকরা হারে ভোগ, সঞ্চয় ও বিনিয়োগ পরিস্থিতি তুলে ধরা হয়েছে। ব্যয়ের ক্ষেত্রে দেখা যায় যে, সাময়িক হিসাবে ২০১৪-১৫ অর্থবছরে ভোগব্যয়ের পরিমাণ জিডিপি'র শতকরা হারে গত অর্থবছরের তুলনায় কিছুটা হ্রাস পেয়ে ৭৭.৭০ শতাংশে পৌঁছেছে, যা ২০১৩-১৪ অর্থবছরে ছিল ৭৭.৯১ শতাংশ। অপরদিকে, সঞ্চয়ের ক্ষেত্রে দেখা যায় ২০১৪-১৫ অর্থবছরে দেশজ সঞ্চয় ও জাতীয় সঞ্চয়ের হার প্রাক্কলন করা হয়েছে যথাক্রমে জিডিপি'র ২২.৩০ শতাংশ ও ২৯.০১ শতাংশ, যা ২০১৩-১৪ অর্থবছরে ছিল যথাক্রমে জিডিপি'র ২২.০৯ শতাংশ ও ২৯.২৩ শতাংশ। অর্থাৎ চলতি অর্থবছরে জিডিপি'র শতকরা হারে দেশজ সঞ্চয় ও জাতীয় সঞ্চয় উভয়ই গত অর্থবছরের তুলনায় বৃদ্ধি পেয়েছে।

সারণি ২.৬ঃ চলতি বাজারমূল্যে ব্যয়ভিত্তিক জিডিপি (ভিত্তিবছরঃ ২০০৫-০৬)

(কোটি টাকায়)

খাত	২০০৭-০৮	২০০৮-০৯	২০০৯-১০	২০১০-১১	২০১১-১২	২০১২-১৩	২০১৩-১৪	২০১৪-১৫*
১. অভ্যন্তরীণ চাহিদা [(২)+(৩)]	৬৭২৭৭১	৭৪৬৪৮৫	৮৪০৮৯৮	৯৭৮০৯৫	১১২৯৪৭৫	১২৭৫০৯৭	১৪৩০৮৫১	১৬১৪৪৫৩
২. ভোগ	৫০৮০৪২	৫৬১৭১৪	৬৩১৫৭১	৭২৬৯৬৬	৮৩১২৫০	৯৩৪৭২৭	১০৪৬৮৫৮	১১৭৬০১৫
সরকারি	৩২৫৫৫	৩৫৯১৫	৪০৪৭৮	৪৬৬৮৪	৫৩১৭৫	৬১৩৩৯	৭১৭১৯	৮২৩৯৭
বেসরকারি	৪৭৫৪৮৭	৫২৫৭৯৯	৫৯১০৯৩	৬৮০২৮২	৭৭৮০৭৫	৮৭৩৩৮৯	৯৭৫১৩৯	১০৯৩৬১৮
৩. বিনিয়োগ	১৬৪৭২৯	১৮৪৭৭২	২০৯৩২৭	২৫১১২৯	২৯৮২২৫	৩৪০৩৭০	৩৮৩৯৯৪	৪৩৮৪৩৮
সরকারি	২৮২৮১	৩০৪৩৭	৩৭২৭৬	৪৮১৫০	৬০৮০২	৭৯৬২১	৮৭৯৯১	১০৪৪২৪
বেসরকারি	১৩৬৪৪৮	১৫৪৩৩৪	১৭২০৫১	২০২৯৭৯	২৩৭৪২৩	২৬০৭৪৯	২৯৬০০৩	৩৩৪০১৪
৪. নীট রপ্তানি	-৪৫৯১৪	-৪৩৮০৩	-৪৫৮৯৫	-৬৯৩৯০	-৮২১৭৭	-৮৬৫৭০	-৮৭৮০৬	-১২৯৭৫০
৫. স্থুল দেশজ ব্যয়	৬২৬৮৫৭	৭০২৬৮২	৭৯৫০০৩	৯০৮৭০৫	১০৪৭২৯৯	১১৮৮৫২৭	১৩৪৩০৪৫	১৪৮৪৭০৪
৬. মোট দেশজ উৎপাদ	৬২৮৬৮২	৭০৫০৭২	৭৯৭৫৩৯	৯১৫৮২৯	১০৫৫২০৪	১১৯৮৯২৩	১৩৪৩৬৭৪	১৫১৩৬০০
৭. পরিসংখ্যানিক ভ্রান্তি	২২২৬	২৯৩১	৩০৮৩	৮০১৭	৭৯০৫	১০৩৯৬	৬২৯২	২৮৮৯৬

উৎসঃ বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো * সাময়িক

বিনিয়োগের ক্ষেত্রে দেখা যায় যে, জিডিপি'র শতকরা হারে মোট বিনিয়োগ চলতি অর্থবছরে বৃদ্ধি পেয়েছে। তবে বেসরকারি বিনিয়োগ জিডিপি'র শতকরা হারে গত অর্থবছরের তুলনায় চলতি অর্থবছরে হ্রাস পেলেও সরকারি বিনিয়োগ বৃদ্ধি পেয়েছে। ২০১৪-১৫ অর্থবছরে বিনিয়োগ দাঁড়িয়েছে জিডিপি'র ২৮.৯৭ শতাংশে, গত অর্থবছরে যা ছিল জিডিপি'র ২৮.৫৮ শতাংশ। এর মধ্যে বেসরকারি বিনিয়োগ জিডিপি'র ২২.০৩ শতাংশ থেকে বৃদ্ধি পেয়ে ২২.০৭ শতাংশে এবং সরকারি বিনিয়োগ জিডিপি'র ৬.৫৫ শতাংশ থেকে বৃদ্ধি পেয়ে ৬.৯০ শতাংশে দাঁড়িয়েছে।

সারণি ২.৭ঃ ভোগ, সঞ্চয় ও বিনিয়োগ (জিডিপি'র শতকরা হারে) (ভিত্তিবছরঃ ২০০৫-০৬)

খাত	২০০৭-০৮	২০০৮-০৯	২০০৯-১০	২০১০-১১	২০১১-১২	২০১২-১৩	২০১৩-১৪	২০১৪-১৫*
১. ভোগ	৮০.৭৬	৭৯.৬১	৭৯.১৪	৭৯.৩০	৭৮.৭৮	৭৭.৯৬	৭৭.৯১	৭৭.৭০
সরকারি	৫.১৭	৫.০৯	৫.০৭	৫.০৯	৫.০৪	৫.১২	৫.৩৪	৫.৪৪
বেসরকারি	৭৫.৫৮	৭৪.৫২	৭৪.০৬	৭৪.২১	৭৩.৭৪	৭২.৮৫	৭২.৫৭	৭২.২৫
২. বিনিয়োগ	২৬.১৯	২৬.১৯	২৬.২৩	২৭.৩৯	২৮.২৬	২৮.৩৯	২৮.৫৮	২৮.৯৭
সরকারি	৪.৫০	৪.৩১	৪.৬৭	৫.২৫	৫.৭৬	৬.৬৪	৬.৫৫	৬.৯০
বেসরকারি	২১.৬৯	২১.৮৭	২১.৫৬	২২.১৪	২২.৫০	২১.৭৫	২২.০৩	২২.০৭
৩. দেশজ সঞ্চয়	১৯.২৪	২০.৩৯	২০.৮৬	২০.৭০	২১.২২	২২.০৪	২২.০৯	২২.৩০
৮. জাতীয় সঞ্চয়	২৭.৮৩	২৮.৬৬	২৯.৪৯	২৮.৯৫	২৯.৮৬	৩০.৫৩	২৯.২৩	২৯.০১

উৎসঃ বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো * সাময়িক।

লেখচিত্র ২.৩: জিডিপি'র শতকরা হারে বিনিয়োগ, দেশজ সঞ্চয় ও জাতীয় সঞ্চয়



চলতি অর্থবছরের তৃতীয় প্রান্তিকে রাজনৈতিক অস্থিরতার কারণে বেসরকারি বিনিয়োগ কিছুটা বাধাগ্রস্ত হয়। এতদসত্ত্বেও বেসরকারি বিনিয়োগ সামান্য বৃদ্ধির পাশাপাশি সরকারি বিনিয়োগের বৃদ্ধির ফলে মোট বিনিয়োগ গত অর্থবছরের তুলনায় বৃদ্ধি পেয়েছে। এছাড়া, বর্তমান সরকার বাংলাদেশে দেশি-বিদেশি বিনিয়োগের প্রসারকল্পে বিনিয়োগ-বান্ধব নীতিমালা প্রণয়ন, আইন ও বিধিগত সংস্কার তথা সার্বিক বিনিয়োগ পরিবেশ উন্নয়নে কাজ করে যাচ্ছে। বিশেষ করে বেসরকারি বিনিয়োগ-সহায়ক পরিবেশ সৃষ্টির লক্ষ্যে সরকার বিনিয়োগ বোর্ড ও প্রাইভেটাইজেশন কমিশন গঠনসহ ব্যাপক সংস্কার কার্যক্রম বাস্তবায়ন করছে। বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষের মাধ্যমে দেশে ২২ টি বিশেষ অর্থনৈতিক অঞ্চল প্রতিষ্ঠার উদ্যোগ নেয়া হয়েছে। দেশে বিনিয়োগ-সহায়ক পরিবেশ অব্যাহত রাখার বিভিন্ন প্রচেষ্টার কারণে ব্যক্তিখাতে তৈরি পোশাক ও নিটওয়্যার শিল্পের বিকাশ শিল্পখাতকে গতিশীল করে তুলছে। এরই ধারাবাহিকতায় বিনিয়োগ বৃদ্ধির লক্ষ্যে অবকাঠামোগত উন্নয়ন, দ্রুত বিদ্যুতায়নের প্রচেষ্টা বাস্তবায়ন, জ্বালানির বহুমুখীকরণ, যোগাযোগ ব্যবস্থার উন্নয়ন এবং সর্বোপরি তথ্য ও যোগাযোগ প্রযুক্তির ব্যবহার সহ বার্ষিক উন্নয়ন কর্মসূচি ও পিপিপির আওতায় অবকাঠামো খাতে সরকার যে ব্যাপক পরিকল্পনা নিয়েছে তা বাস্তবায়নের ফলে বিনিয়োগ বৃদ্ধি পাবে এবং উচ্চ প্রবৃদ্ধি অর্জন সম্ভব হবে বলে আশা করা যায়।